



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৭১৪

তারিখ: ০৫/০২/২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে 'এ', 'বি' ও 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণিতে ভর্তি পরীক্ষার 'এ', 'বি' ও 'সি' ইউনিটের ফল আজ (৫ ফেব্রুয়ারি) বৃহস্পতিবার রাত ১০টা থেকে ভর্তি সংক্রান্ত কুবি ওয়েবসাইট <https://cou.admission-aid.com> লিংকে ক্লিক করে ভর্তিচ্ছুরা স্ব স্ব প্যানেলে প্রবেশ করে দেখতে পারবে।

'এ' ইউনিটে মোট পরীক্ষার্থী ছিল ৪৬ হাজার ৩৩৬ জন, উপস্থিত ছিল ৩১ হাজার ২২৯ জন এবং উত্তীর্ণ হয়েছে ১৭ হাজার ২০৩ জন। সর্বোচ্চ নাম্বার ৮৫.২৫, পাসের হার ৫৫.০৮ শতাংশ। 'বি' ইউনিটে মোট পরীক্ষার্থী ছিল ৩৭ হাজার ৬১৪ জন, উপস্থিত ছিল ২৯ হাজার ৩৯৪ জন এবং উত্তীর্ণ হয়েছে ১৬ হাজার ৯৮ জন। সর্বোচ্চ নাম্বার ৮৬.২৫, পাসের হার ৫৪.৭৬ শতাংশ। অপরদিকে 'সি' ইউনিটে পরীক্ষার্থী ছিল ১২ হাজার ৮৩০ জন, উপস্থিত ছিল ১০ হাজার ৩৩৩ জন এবং উত্তীর্ণ হয়েছে ৬ হাজার ৬৪৮ জন। সর্বোচ্চ নাম্বার ৮৮, পাসের হার ৬৪.৩৩ শতাংশ।

উত্তীর্ণ শিক্ষার্থীদের পরবর্তী করণীয় সম্পর্কে নির্দেশনা সংশ্লিষ্ট ওয়েবসাইট <https://cou.admission-aid.com> ও বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজ <https://www.facebook.com/comillauniversityofficial> থেকে দেখা যাবে।

(মোহাম্মদ এমদাদুল হক)

ডেপুটি রেজিস্ট্রার

কুমিল্লা বিশ্ববিদ্যালয়